

# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৪১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭৩. সালাতরত অবস্থায় হাততালি দেয়া

باب التَّصنْفِيقِ فِي الصَّلَاةِ

### আরবী

حَدَّتَنَا عَمْرُو بْنُ عَوْنٍ، أَخْبَرَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ، عَنْ أَبِي حَازِمٍ، عَنْ سَهْلِ بْنِ سَعْد، قَالَ كَانَ قِتَالٌ بَيْنَ بَنِي عَمْرِو بْنِ عَوْفٍ فَبَلَغَ ذَلِكَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَأْتَاهُمْ لِيُصلْلِحَ بَيْنَهُمْ بَعْدَ الظُّهْرِ فَقَالَ لِبِلَالٍ " إِنْ حَضَرَتْ صَلَاةُ الْعَصْرِ وَلَمْ آتِكَ فَمُرْ أَبَا بَكْرٍ فَلْيُصلِّ بِيلَالً " بَيْنَهُمْ بَعْدَ الظُّهْرِ فَقَالَ لِبِلَالٍ " إِنْ حَضَرَتْ صَلَاةُ الْعَصْرِ وَلَمْ آتِكَ فَمُرْ أَبَا بَكْرٍ فَلْيُصلِّ بِالنَّاسِ " . فَلَمَّا حَضَرَتِ الْعَصِرُ أَذَّنَ بِلَالٌ ثُمَّ أَقَامَ ثُمَّ أَمَرَ أَبَا بَكْرٍ فَتَقَدَّمَ قَالَ فِي آخِرِهِ " إِنَا نَابَكُمْ شَيْءٌ فِي الصَّلَاةِ فَلْيُسَبِّحِ الرِّجَالُ وَلْيُصنَفِّحِ النِّسَاءُ " .

\_ صحیح : خ

#### বাংলা

৯৪১। সাহল ইবনু সা'দ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে বানী 'আমর ইবনু 'আওফ গোত্রের লোকদের সংঘর্ষের সংবাদ পৌছলে তিনি তাদের মধ্যে আপোষ-মীমাংসার জন্য যুহর সালাতের পর সেখানে যান। তিনি বিলাল (রাঃ)-কে বললেন, আমার ফিরে আসার পূর্বেই 'আসর সালাতের ওয়াক্ত হয়ে গেলে আবূ বকরকে লোকদের সালাতে ইমামাত করতে বলবে। অতঃপর 'আসর সালাতের ওয়াক্ত হলে বিলাল (রাঃ) আযান দিলেন। এরপর ইকামাত(ইকামত/একামত) দিয়ে আবূ বকরকে (ইমামাত করার) আদেশ করলে আবূ বকর সামনে অগ্রসর হলেন। বর্ণনাকারী হাদীসের শেষাংশে বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সালাতে কোন কিছু ঘটলে পুরুষরা ''সুবহানাল্লাহ'' বলবে এবং নারীরা হাততালি দিবে।[1]

সহীহ: বুখারী।

## **English**

sahl b. Sa'd said; Fighting took place amongst the tribe of Banu 'Amr b. 'Awf.



This (the news) reached the prophet (May peace be upon him). He came to them for their reconciliation after the noon prayer . he said to Bilal; If the time of the afternoon prayer comes, and I do not return to you, then ask Abu Bakr to lead the people in prayer. When the time of the afternoon prayer came, Bilal called the Adhan and pronounced the Iqamah and then asked Abu Bakr (to lead the prayer). He stepped forward. The narrator reported this tradition to the same effect. In the end he (the prophet) said; if anything happens to you during prayer, the men should say" Glory be to Allah," and the women should clap.

## ফুটনোট

[1] অনুরূপ অর্থের হাদীস বুখারী (অধ্যায় : আহকাম, হাঃ ৭১৯০), নাসায়ী (অধ্যায় : ইমামাত, হাঃ ৭৯২), আহমাদ (৫/৩৩২) সকলে হাম্মাদ ইবনু যায়িদ হতে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন